**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড**
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**সেগুনবাগিচা, ঢাকা**
**www.bkkb.gov.bd**

**৩১/০৫/২০১৮খ্রি. তারিখে অনুষ্ঠেয় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৮তম বোর্ড সভার কার্যপত্র:**

**আলোচ্যসূচি: ১। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৭তম বোর্ড সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ ও গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।**

**২৭তম বোর্ড সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৪/১২/২০১৭খ্রি. তারিখে অনুষ্ঠিত ২৭তম সভার কার্যবিবরণী সম্মানিত সকল সদস্যের নিকট যথাসময়ে প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীর আর কোন সংশোধন/ সংযোজন সম্পর্কে সদস্যদের নিকট হতে কোন মন্তব্য পাওয়া যায়নি। কার্যবিবরণীটি নিশ্চিত (Confirm) করা যেতে পারে।

**২৪/১২/২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত ২৭তম বোর্ড সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| (ক) | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশাস্থ নিজস্ব জায়গায় ৩০তলা ভবন নির্মাণ। | **(১) বোর্ডের মহাপরিচালক প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সাথে যোগাযোগ করে জানুয়ারি, ২০১৮ মাসের মধ্যে** মাননীয় প্রধানমন্ত্রীর নিকট নকশা উপস্থাপনের সময় গ্রহণ করবেন এবং বোর্ডের চেয়ারম্যানসহ নকশা উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে প্রয়োজনে প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে দ্রুত প্রেরণ করতে হবে;<br>(২) কল্যাণ **ভবন নির্মাণের কাজ শুরু হলে শেরেবাংলানগরস্থ কমিউনিটি সেন্টারের জায়গাটি বোর্ডের স্টাফবাস রাখার জন্য প্রয়োজন হবে বিধায় র‌্যাব-২ এর সাথে সম্পাদিত চুক্তি আগামী জুন, ২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত নবায়ন করে ১ জুলাই, ২০১৮ খ্রি. তারিখ হতে কমিউনিটি সেন্টারটি খালি করে দেয়ার জন্য র‌্যাব-২ কে অনুরোধ করে পত্র দিতে হবে। এ পত্রের অনুলিপি সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়ে দিতে হবে।** | (১) মুখ্য সচিব মহোদয়ের নির্দেশনা অনুসারে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট থেকে এ উদ্দেশ্যে সময় নির্ধারণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে একটি সার-সংক্ষেপ প্রেরণের উদ্যোগ নেয়া হয়েছিল। এ পরিপ্রেক্ষিতে মাননীয় প্রতিমন্ত্রী ভবনের নক্সাটি পুনরায় দেখার/পর্যালোচনার আগ্রহ ব্যক্ত করেন।<br>(২) সিদ্ধান্ত মোতাবেক গত ২৯/০১/২০১৮খ্রি. ও ০৬/০৩/২০১৮খ্রি. তারিখে আগামী ৩০ জুন, ২০১৮ খ্রি. পর্যন্ত চুক্তির মেয়াদ নবায়নের জন্য র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান-২, শেরেবাংলানগর, আগারগাঁও, ঢাকা এর নিকট পত্র প্রেরণ করা হয়েছে এবং এ কার্যালয়ে হালনাগাদ ভাড়া পরিশোধের একটি ব্যাংক স্লিপ প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। |
| (খ) | বোর্ডের নিজস্ব কমিউনিটি সেন্টারের | **বোর্ডের চট্টগ্রাম ও খুলনা কমিউনিটি সেন্টারের স্থানে বহুতল ভবন নির্মাণের** | চট্টগ্রাম: ২০ (বিশ) তলা বহুতল ভবন নির্মাণের লক্ষ্যে স্থাপত্য নকশা প্রণয়নের জন্য গত |

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ | **জন্য স্থাপত্য নকশা প্রণয়নের জন্য স্থাপত্য অধিদপ্তরকে তাগিদপত্র প্রদান করতে হবে এবং এক মাসের মধ্যে নকশা না পেলে কল্যাণ বোর্ড আউটসোর্সিং এর মাধ্যমে নিজস্ব তত্ত্বাবধানে নকশা তৈরী ও পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে।** | ০৭/০২/২০১৮খ্রি. তারিখে প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকাকে পত্র প্রেরণ করা হয়। স্থাপত্য অধিদপ্তর হতে এখনও কোন নকশা পাওয়া যায়নি।<br>খ- খুলনা: জোড়া গেট সিএন্ডবি কলোনীস্থ সরকারি কমিউনিটি সেন্টারের স্থানে ২০ (বিশ) তলা বিশিষ্ঠ বহুতল ভবন নির্মাণের লক্ষ্যে স্থাপত্য নকশা প্রণয়নের জন্য গত ০৭/০২/২০১৮খ্রি. ও ০১/০৩/২০১৮খ্রি. তারিখে প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা কে পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু এখন পর্যন্ত নকশা পাওয়া যায়নি। |
| (গ) | সোনালী ব্যাংক ও বোর্ডের বিভাগীয় কার্যালয়সমূহের কল্যাণ ভাতার কার্ডভিত্তিক হিসাব সমন্বয় (বোর্ডের নির্দেশনার ভিত্তিতে ব্যাংক কত সংখ্যক কর্মচারীকে কত দিন পর্যন্ত ভাতা প্রদান করেছে)। | (১) সোনালী ব্যাংক রমনা কর্পোরটে শাখা তাদের সংশ্লিষ্ট সকল শাখা হতে মেয়াদোত্তীর্ণ সকল আদেশনামা ফেরত এবং ২০০৬ থেকে ২০১৭ সন পর্যন্ত হিসাব রিকনসাইল কাজ দ্রুত সম্পন্ন করবেন;<br>(২) বিভাগীয় কার্যালয়ের উপপরিচালকগণ সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট কর্পোরেট শাখার সাথে সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে ২০০৬ সন থেকে ২০১৭ পর্যন্ত হিসাব রিকনসাইল কাজ দ্রুত শেষ করবেন; | (১) ২০০৬ থেকে ২০১৭ সন পর্যন্ত বোর্ড কর্তৃক হিসাব সম্পন্ন করে ব্যাংকে প্রেরণ করা হয়েছে। ব্যাংক কর্তৃক রিকনসাইল সম্পূর্ণ হয়নি। সোনালী ব্যাংক রমনা কর্পোরেট শাখায় প্রধান কার্যালয়ের মেয়াদ উত্তীর্ণ ৮০,০৪০টি কার্ডের মধ্যে ৭১,৩২৯টি কার্ড ফেরত পাঠিয়েছে।<br>(২) ২০০৬ থেকে ২০১৫ সাল পর্যন্ত হিসাব রিকনসাইল সংক্রান্ত তথ্যাদিঃ<br>(ক) ২০০৬ থেকে ২০১৫ সাল পর্যন্ত বিভাগীয় কার্যালয়, খুলনা ও রংপুর রিকনসাইল সম্পন্ন হয়েছে।<br>(খ) ২০০৬ থেকে ২০১৭ সাল পর্যন্ত বিভাগীয় কার্যালয়, রাজশাহী, বরিশাল ও সিলেট এ রিকনসাইল সম্পন্ন হয়েছে।<br>(গ) বিভাগীয় কার্যালয়, ঢাকা ও চট্টগ্রাম এ রিকনসাইল সম্পন্ন হয়নি তবে ব্যাংক কোন টাকা পাবে না বলে জানিয়েছে। |
| (ঘ) | **কল্যাণ তহবিলের মাসিক চাঁদা এবং যৌথবীমার প্রিমিয়াম বৃদ্ধিকরণ।** | **সরকারি কর্মচারীগণের কল্যাণ তহবিলের চাঁদা ও যৌথবীমার প্রিমিয়ামের হার এবং ভাতার পরিমান বৃদ্ধির জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (সংশোধিত) আইন, ২০১৭ প্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।** | **সরকারি কর্মচারীগণের কল্যাণ তহবিলের চাঁদা ও যৌথবীমার প্রিমিয়ামের হার এবং ভাতার পরিমান বৃদ্ধির জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (সংশোধিত) আইন, ২০১৮ এর খসড়া ২৬/০২/২০১৮ খ্রি. তারিখে মন্ত্রিসভা বৈঠকে নীতিগত অনুমোদন হয়েছে। উক্ত আইন মন্ত্রিসভার অনুমোদন শেষে জাতীয় সংসদে চূড়ান্ত অনুমোদনের বিষয়টি প্রক্রিয়াধীন।** |
| (ঙ) | **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্টাফবাস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে অনিয়মিত ও অস্থায়ীভাবে নিয়োজিত কর্মচারীদের চাকরি** | **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো বিবেচনা ও অনুমোদনের জন্য সত্বর ব্যবস্থা গ্রহণ করতে হবে।** | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্টাফবাস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অনিয়মিত ও অস্থায়ীভাবে নিয়োজিত কর্মচারীদের সাংগঠনিক কাঠামোত অন্তর্ভূক্তির জন্য ২১/০৯/২০১৭ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। এ বিষয়ে কর্মচারীদের দায়েরকৃত একটি মামলায় আদালতের নির্দেশনার উল্লেখ করা হয়। মন্ত্রণালয় হতে ১৯ এপ্রিল, ২০১৮ খ্রি. |

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | **বোর্ডের সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্তি।** | | তারিখে জানিয়েছে যে, বিজ্ঞ আদালত কর্তৃক মামলার রায়ে নতুন করে পদ সৃজন করা বা টিওএন্ডই-তে পদ অন্তর্ভুক্তির বিষয়ে কোন দিক নির্দেশনা/পরামর্শ দেয়া হয়নি। ফলে বিজ্ঞ আদালত প্রদত্ত রায় বাস্তবায়নের ক্ষেত্রে সওব্য অনুবিভাগের কিছু করণীয় নেই। এ বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। |
| (চ) | **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশাস্থ জমি হতে বায়তুল মোকাররম মসজিদের মুসল্লিদের যাতায়াতের লক্ষ্যে নির্মিত রাস্তার জন্য ব্যবহৃত জমির দখল গ্রহণ প্রসংগে।** | **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মালিকানাধীন ৭.১৩ কাঠা জমিতে বায়তুল মোকাররম মসজিদের মুসল্লিদের যাতায়াতের জন্য নির্মিত রাস্তাটি আগামী ৩১ জুলাই, ২০১৭ খ্রি. তারিখের মধ্যে মুসল্লিদের ব্যবহারের উপযোগী করার জন্য ধর্ম মন্ত্রণালয়কে তাগিদ দিতে হবে। ধর্ম মন্ত্রণালয় এ বিষয়ে ব্যবস্থা গ্রহণে ব্যর্থ হলে আগামী ০১ আগষ্ট, ২০১৭ খ্রি. তারিখ হতে উক্ত রাস্তায় ব্যবহৃত জমির দখল কল্যাণ বোর্ড বুঝে নিবে।** | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২৪/০১/২০১৮ খ্রি. তারিখে একটি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত হয় যে, রাস্তাটি ইসলামিক ফাউন্ডেশনের অর্থায়নে পিডব্লিউডি সংস্কার করবে। অবৈধ দখল থেকে মুক্ত রাখার জন্য গেট নির্মিত হবে এবং পরিস্কার পরিচ্ছন্নতার ব্যবস্থা যৌথভাবে গ্রহণ করা হবে। সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য ০৩/০৪/২০১৮খ্রি. তারিখে ৫.৮১.০০০০.০০১.০৩. ০৭৬.১৭.১৬১ নং স্মারকে পত্র দেয়া হয়েছে। |
| (ছ) | অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের জন্য বৃদ্ধাশ্রম তৈরির অনুমোদন ও স্থান নির্বাচন। | **শেরেবাংলাস্থ কমিউনিটি সেন্টারটি খালি হওয়ার পর অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের জন্য বৃদ্ধাশ্রম তৈরি করা হবে।** | ২৭তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক শেরেবাংলাস্থ কমিউনিটি সেন্টারটি আগামী ৩০/০৬/২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত নবায়ন করার নির্দেশনা রয়েছে। র‌্যাব-২ কর্তৃক উক্ত কমিউনিটি সেন্টারটি খালি হওয়ার পর অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের জন্য বৃদ্ধাশ্রম তৈরির কার্যক্রম শুরু করা যেতে পারে। |
| (জ) | স্টাফবাসের গ্যারেজের স্থান নির্বাচন। | **ঢাকা বিভাগীয় কমিশনার সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকগণের সাথে সভা করে স্টাফবাস কর্মসূচির গাড়িগুলোর মেরামত কারখানা ও গ্যারেজ নির্মাণের লক্ষ্যে সরকারি খাস জমি বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করবেন।** | বোর্ড সভার সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে গত ১৭/০১/২০১৮খ্রি. তারিখে বিভাগীয় কমিশনার ঢাকা-কে একটি মেরামত কারখানা ও গ্যারেজ নির্মাণের লক্ষ্যে সরকারি খাস জমির বরাদ্দের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়। বিভাগীয় কমিশনার, ঢাকা-কে পুনরায় অনুরোধ করা যেতে পারে। |
| (ঝ) | সরকারি দায়িত্ব পালনের কারণে কোন কর্মচারী ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হওয়ার ক্ষেত্রে আইনগত আর্থিক সহায়তা প্রদান সংক্রান্ত আবেদন বিবেচনা। | **সরকারি দায়িত্ব পালনের কারণে ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হওয়ার ক্ষেত্রে আইনগত ও আর্থিক সহায়তা প্রদানের খসড়া নীতিমালা প্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।** | ২৭তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক গঠিত উপকমিটির সভা ২৯/০১/২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। কমিটিতে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:<br>১। এ বিষয়ে পৃথক নীতিমালার প্রয়োজন নেই। তবে আইনে যে বাছাই কমিটি গঠনের উল্লেখ রয়েছে তা গঠন করা যেতে পারে এবং বাছাই কমিটির কার্যপদ্ধতি সংক্রান্ত পরিপত্র জারী করা যেতে পারে।<br>২। মামলার মোট খরচের ২৫% অথবা ২ লাখ, যেটি কম তার জন্য বাছাই কমিটি সুপারিশ |

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | | | করবে।<br>৩। চাকরি জীবনে একবার এ খাত হতে সহায়তা দেওয়া যেতে পারে।<br>৪। অর্থ অনুমোদনের ক্ষেত্রে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা যেতে পারে।<br>**সিদ্ধান্তসমূহ যাচাই অন্তে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।** |
| (ঞ) | মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে আউট সোর্সিং করে প্রশিক্ষক নিয়োগের মাধ্যমে স্বাস্থ্য পরিচর্যা নতুন ট্রেড কোর্স চালু করা। | **সিভিল সার্জন/চিকিৎসা শিক্ষা ও প্রশাসনের সাথে যোগাযোগ করে স্বাস্থ্য পরিচর্যা নতুন ট্রেড কোর্স চালু করতে হবে।** | এ নতুন কোর্স চালু করার নিমিত্তে একটি কোর্স কারিকুলাম তৈরীর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই লক্ষ্যে স্বাস্থ্য শিক্ষা বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তরের সাথে যোগাযোগ চলছে। |
| (ট) | **২০১৬-১৭ অর্থবছরে নতুন ক্রয়কৃত ৩০টি গাড়ীর ভূতাপেক্ষ অনুমোদন এবং ২০১৭-১৮ অর্থবছরে বরাদ্দকৃত অর্থ দ্বারা নতুন গাড়ী ক্রয় সংক্রান্ত:** | **স্টাফবাস সার্ভিস কর্মসূচির জন্য ২০১৬-২০১৭ অর্থবছরে ৩০টি নতুন গাড়ি ক্রয়ের ভূতাপেক্ষ অনুমোদন এবং ২০১৭-২০১৮ অর্থবছরের বরাদ্দকৃত অর্থ দ্বারা ৭টি ৫২ সিটের নতুন ভালো গাড়ি ক্রয়ের অনুমতি প্রদান করা হয়।** | সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে ২০১৭-২০১৮অর্থবছরে বরাদ্দকৃত অর্থ দ্বারা ৭টি ৫২ সিটের গাড়ি ক্রয়ের বিষয়টি প্রক্রিয়াধীন। |
| (ঠ) | **মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে সরাসরি জনবল নিয়োগ:** | **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের** স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের চাকুরী ১৯৯৮ অনুযায়ী প্রশিক্ষণ পদে ০৫ টি সরাসরি বিজ্ঞপ্তির মাধ্যমে এবং সরকারের বিদ্যমান বিধি অনুযায়ী দারোয়ান ০৬ টি ও সুইপার ০১টি পদে আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগ প্রদানের সিদ্ধান্ত হয়। | মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ০৫টি প্রশিক্ষক পদে সরাসরি বিজ্ঞপ্তির মাধ্যমে, দারোয়ান পদে ০৬টি ও ০১টি সুইপার পদে আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগ প্রক্রিয়াধীন। |
| (ঢ) | **স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের নীতিমালা সংশোধন সংক্রান্ত:** | **স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের চাকুরী নীতিমালা, ১৯৯৮ এর তফসীলের বর্ণিত সংশোধনের জন্য সুপারিশ করা হয়েছে। কিন্তু জনপ্রশাসন মন্ত্রণালয়ে বিধি অনুবিভাগের মতামতসহ অন্যান্য আনুষ্ঠানিকতা পতিপালন করতে হবে।** | বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের নীতিমালা সংশোধনের জন্য গত ০৮/০৩/২০১৭খ্রি. তারিখে ০৫.৮১.০০০০.০০১. ০৩.০৬৯.১১(খন্ড)-১২৯ নং স্মারকের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। |
| (ড) | **বোর্ডের নিজস্ব আয় বৃদ্ধি বিষয়ক আলোচনা:** | **স্থায়ী আমানতে বিনিয়োগকৃত অর্থ বেসরকারি ব্যাংক বা অর্থ লগ্নীকারী প্রতিষ্ঠানে বিনিয়োগের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক হতে ব্যাংক ও অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানের তালিকা ও পজিশন (Camel list) জেনে সরকারি বিধিবিধান অনুসরণ করে বিনিয়োগ করা যেতে পারে।** | অতিগোপনীয় বিধায় বাংলাদেশ ব্যাংক হতে Camel Rating list সংগ্রহ করা যায়নি। ইতোমধ্যে কিছু ব্যাংক ও অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানের নিকট হতে বিনিয়োগকৃত অর্থের মুনাফার হার জানিয়েছে (সংলাগ- 'ক')। অন্য দিকে সরকারি ব্যাংকগুলিকে মুনাফার হার বৃদ্ধির জন্য অনুরোধ করা হলো তারা জানিয়েছে ৫.৫% এর বেশী প্রদানে অপারগতা জানিয়েছে। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | | | ব্যাংক ও অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানের বর্তমান অবস্থা ও মুনাফার হার বিবেচনা করে বিনিয়োগের বিষয় সদয় সিদ্ধান্ত নেয়া যেতে পারে। |

**আলোচ্যসূচি: ২।** বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ বিভাগীয় কার্যালয় নির্মানের জন্য খাস জমি বরাদ্দ/জমি সংগ্রহ।

সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্বশাসিত সংস্থার কর্মচারী এবং তাঁর পরিবারের সদস্যগণের সেবাদানের লক্ষ্যে ০৮টি বিভাগে এ বোর্ডের কার্যালয় রয়েছে। শুধুমাত্র চট্টগ্রাম, খুলনা ও রাজশাহীতে কল্যাণ বোর্ডের নিজস্ব জমি (সম্পদ) রয়েছে। তন্মধ্যে চট্রগ্রাম ও খুলনায় বহুতল ভবণ নির্মাণের নকশা প্রণয়নের কাজ প্রক্রিয়াধীন। চট্টগ্রাম ও খুলনা বিভাগীয় কার্যালয়ের ন্যায় সকল বিভাগীয় কার্যালয়ে বহুতল ভবন নির্মাণ করে নিজস্ব আয়ের উৎস তৈরি, বৃদ্ধাশ্রম ও বাণিজ্যিক ভিত্তিতে ফ্লোর ভাড়া প্রদানসহ বিভিন্ন কল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করা সহজতর হবে পাশাপাশি বোর্ডের আয়ও বৃদ্ধি পাবে। উল্লেখিত বিভাগসমূহে খাস জমি বরাদ্দ পাওয়া না গেলে বোর্ডের ২০০৪ সনের ১নং আইনের ১২ (১) ধারা এর নিদের্শনা অনুসরণপূর্বক তহবিলের ব্যবস্থা করে জমি ক্রয় করা যেতে পারে।

**প্রস্তাব: বিভাগীয় কমিশনার, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ-কে কল্যাণ বোর্ডের বিভাগীয় কার্যালয় কমপ্লেক্স এর জন্য খাস জমি প্রদানের জন্য অনুরোধ করা যেতে পারে। যদি খাস জমি না পাওয়া যায় তবে এ্যাকুইজিশন/ক্রয় করা যেতে পারে।**

**আলোচ্যসূচি:৩। বোর্ড তহবিল হতে প্রদেয় অনুদানে (জটিল চিকিৎসা, দাফন ও শিক্ষাবৃত্তি) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড ও বোর্ডের নিবন্ধিত ১৯টি স্বায়ত্বশাসিত সংস্থার কর্মচারীদের অন্তর্ভূক্তি।**

বেসামরিক সরকারি কর্মচারীরা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে শিক্ষাবৃত্তি, জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান এবং দাফন অনুদানের সুবিধাসমূহ পায়। কিন্তু বোর্ডের নিজস্ব কর্মচারীগণ এবং বোর্ডের তালিকাভুক্ত ১৯টি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মচারীগণ উক্ত সুবিধাসমূহ পায় না। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ সালের ০১ নং আইনের ২ (ঋ) ধারা অনুসারে বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের ‘কর্মচারী’ হিসেবে সংজ্ঞায়িত করায় তাঁরাও বোর্ড তহবিল হতে প্রদেয় হারে শিক্ষাবৃত্তি, জটিল ও ব্যয়বহুল রোগের ক্ষেত্রে দেশে ও বিদেশে চিকিৎসার জন্য অনুদান এবং দাফন অনুদানসহ অন্যান্য সুবিধা পেতে পারে। উল্লেখ্য যে, বোর্ডের তালিকাভূক্ত স্বায়ত্বশাসিত সংস্থার কর্মচারীর সংখ্যা প্রায় ৫,০০০ জন।

**প্রস্তাব:** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড ও বোর্ডের তালিকাভুক্ত ১৯ (উনিশ) টি স্বায়ত্বশাসিত সংস্থার কর্মচারীদের জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা সাহায্য, শিক্ষাবৃত্তি, দাফন-অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান প্রদান করা যেতে পারে।

**আলোচ্যসূচি: ৪। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহাপরিচালককে বোর্ডের কর্মকর্তাদের আন্তঃকর্মস্থল বদলীর ক্ষমতা প্রদান।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের নিজস্ব/প্রেষণে নিয়োগকৃত উপপরিচালক ও পরিচালক পদের বদলী জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে হয়ে থাকে। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহাপরিচালককে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৩ এর ২(১০) বিধি অনুযায়ী উপপরিচালক ও পরিচালক পদমর্যাদার নিজস্ব কর্মকর্তা/প্রেষণে নিয়োজিত কমকর্তার বদলী করার ক্ষমতা প্রদান করা যেতে পারে।

**প্রস্তাব:** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের উপপরিচালক ও পরিচালক পদমর্যাদার নিজস্ব কর্মকর্তা/প্রেষণে নিয়োজিত কমকর্তার বদলীর ক্ষমতা মহাপরিচালক-কে অর্পন করা যেতে পারে।

**আলোচ্যসূচি:৫। <u>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগীয় কার্যালয়, খুলনায় অবস্থিত কমিউনিটি সেন্টারের সংস্কার।</u>**

খুলনা সরকারি কলোনী তথা জোড়া গেইট এলাকায় বোর্ডের কমিউনিটি সেন্টার কাম অডিটোরিয়ামটি নির্মিত হয় ১৯৮৮ সনে। ৩০ (ত্রিশ) বছরের ব্যবধানে বর্তমানে বহুমূখী ব্যবহার উপযোগী এ ভবনটি প্রায় পরিত্যক্ত ও ব্যবহার অনুপযোগী হয়েছে। চারদিকের দেয়াল প্লাষ্টার খসে পড়েছে। অডিটোরিয়ামের পূর্বদিকে মূল সড়কের অংশে প্রায় ৩০′×২০০′ জায়গা রয়েছে। ঐ জায়গায় মূল সড়কের সাথে দোতলা ভবন (মার্কেট আকারে নির্মাণ) করা হলে এলাকাটির যথাযথ ব্যবহার নিশ্চিত করা সম্ভব হবে। বোর্ডের আয় বৃদ্ধি পাবে এবং এলাকাটির পরিবেশ উন্নত হবে। উপরন্তু জমির দখল নিশ্চিত হবে।

**প্রস্তাব:** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের নিয়ন্ত্রণাধীন খুলনা কল্যাণ কেন্দ্রের (অডিটরিয়াম) মেরামতপূর্বক ব্যবহার উপযোগীকরণ এবং ভবনের পার্শ্বের জমি দখলে রাখার নিমিত্ত দোকানঘর নির্মাণের প্রয়োজনীয় অনুমোদন প্রয়োজন। বোর্ডের সম্পদ রক্ষা ও আয় বৃদ্ধির জন্য প্রস্তাব সদয় অনুমোদন দেয়া যায়।

**আলোচ্যসূচি: ৬**। বিবিধ:

---------- ০ ----------

## ব্যাংক ও অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানের নিকট হতে প্রাপ্ত মুনাফার হারের প্রস্তাবঃ

| ক্রমিক নং | ব্যাংক ও অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানের নাম | মেয়াদ | লভ্যাংশের হার | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১। | উত্তরা ব্যাংক লি. | ৩ মাসের জন্য<br>৬ মাসের জন্য<br>১২ মাসের জন্য | ০৭.৫০%<br>০৮.২৫%<br>০৮.৫০% | যেকোন টাকা |
| ০২। | এসবিএসি ব্যাংক লি: | ৩ মাসের জন্য<br>৬ মাসের জন্য<br>১২ মাসের জন্য | ০৮.৭৫%<br>০৮.৭৫%<br>০৮.৭৫% | যেকোন টাকা |
| ০৩। | শাহ্জালাল ইসলামী ব্যাংক | ৩ মাসের জন্য<br>৬ মাসের জন্য<br>১২ মাসের জন্য | ০৯.০০%<br>০৯.১৫%<br>০৯.২৫% | যেকোন টাকা |
| ০৪। | এনআরবি ব্যাংক | ৩ মাসের জন্য<br>৬ মাসের জন্য<br>১২ মাসের জন্য | ১০.০০%<br>১০.০০%<br>১০.২৫% | ২০০ মিলিয়ন পর্যন্ত |
| ০৫। | আইসিবি ইসলামিক ব্যাংক লি. | ৩ মাসের জন্য<br>৬ মাসের জন্য<br>১২ মাসের জন্য | ০৯.০০%<br>০৯.৫০%<br>১০.০০% | যেকোন টাকা |
| ০৬। | প্রিমিয়ার ব্যাংক | ১২ মাসের জন্য | ১০% | ২০ কোটি থেকে বেশী |
| ০৭। | ন্যাশনাল ব্যাংক লি. | ৩ মাসের জন্য<br>৬ মাসের জন্য<br>১২ মাসের জন্য | ০৯.৫০%<br>০৯.৫০%<br>০৯.৫০% | ৫ কোটি টাকা হতে উপরে |
| ০৮। | বাংলাদেশ কমার্স ব্যাংক লি. | ৩ মাসের জন্য<br>৬ মাসের জন্য<br>১২ মাসের জন্য | ০৮.৫০%<br>০৯.০০%<br>০৯.৫০% | যেকোন টাকা |
| ০৯। | ইউসিবিএল | ৩ মাসের জন্য<br>৬ মাসের জন্য<br>১২ মাসের জন্য | ০৮.৫০%<br>০৯.০০%<br>০৯.২৫% | ৫-১০ কোটি টাকার জন্য |
| ১০। | দি ফার্মাস ব্যাংক লি: | ৩ মাসের জন্য<br>৬ মাসের জন্য<br>১২ মাসের জন্য | ০৭.৫০%<br>০৭.৭৫%<br>০৮.০০% | যেকোন টাকা |
| ১১। | রিলাইন্স ফাইন্যান্স | ৩ মাসের জন্য<br>৬ মাসের জন্য<br>১২ মাসের জন্য<br>১৮ মাসের জন্য | ১০.২৫%<br>১১.০০%<br>১১.৫০%<br>১১.৭৫% | যেকোন টাকা |
| ১২। | ডিবিএইচ ফাইন্যান্স | ১২ মাসের জন্য | ১০.৫০% | ৫-১০ কোটি |
| ১৩। | লংকাবাংলা ফাইন্যান্স | ৩ মাসের জন্য<br>৬ মাসের জন্য<br>১২ মাসের জন্য | ০৮.২৫%<br>০৮.৫০%<br>০৮.৭৫% | যেকোন টাকা |